

ইউআইইউয়ের উপাচার্য চৌধুরী মোফিজুর রহমান

ইউনাইটেড ইন্টারন্যাশনাল
ইউনিভার্সিটির (ইউআইইউ)
উপাচার্য হিসেবে অধ্যাপক
চৌধুরী মোফিজুর রহমানকে
চার বছরের জন্য নিয়োগ
দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের
আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল
হামিদ। মোফিজুর রহমান
২০০৩ সাল থেকে



মোফিজুর রহমান

ইউআইইউয়ের উপ-উপাচার্য
হিসেবে পরপর তিনবার দায়িত্ব পালন করেন।
ইউআইইউতে যোগ দেওয়ার আগে তিনি বাংলাদেশ
প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কম্পিউটার সায়েন্স
অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক হিসেবে কর্মরত
ছিলেন। তিনি ওই বিভাগের চেয়ারম্যানের দায়িত্বও
পালন করেন। এ ছাড়া মোফিজুর রহমান ইউরোপীয়
ইউনিয়নের তিনটি প্রকল্পের (ইলিংক, সিলিংক ও
ফিউশন) যুগ্ম সমন্বয়কের দায়িত্ব পালন করেছেন।
দেশীয় ও আন্তর্জাতিক সাময়িকীতে তাঁর ১১৯টি গবেষণা
প্রবন্ধ প্রকাশিত হয়েছে। বুয়েট থেকে স্নাতক ও
স্নাতকোত্তর শেষ করে মোফিজুর রহমান জাপানের
টোকিও ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে পিএইচডি
ডিগ্রি অর্জন করেন। বিজ্ঞপ্তি